

Friday, May 22, 2009



দ্বিতীয় 'মেটলাইফ সাউথ এশিয়ান স্পেলিং বী' প্রতিযোগিতার সংবাদ সম্মেলনে বাঁ থেকে মেট লাইফের ন্যাশনাল সেলস অর্গানাইজার ও সিনিয়র ভাইস প্রেসিডেন্ট জোসেফ জর্ডান, বিজ্ঞাপনী সংস্থা টাচ ডাউন মিডিয়ায় প্রধান রাহুল ওয়ালিয়া, মেট লাইফের কর্মকর্তা জিনজার জোস ও জন ডেরবিক এবং সনি এন্টারটেইনমেন্টের সিনিয়র ভাইস প্রেসিডেন্ট নীরাজ অরোরা

'মেটলাইফ সাউথ এশিয়ান স্পেলিং বী' প্রতিযোগিতা ২০ জুন থেকে

নিউইয়র্ক: মেটলাইফের পৃষ্ঠপোষকতায় দ্বিতীয়বারের মত দক্ষিণ এশিয়ার শিশু-কিশোরদের জন্যে 'স্পেলিং বী' প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। দ্বিতীয় 'মেটলাইফ সাউথ এশিয়ান স্পেলিং বী'র কার্যক্রমের বিভিন্ন দিক তুলে ধরতে ৬ মে ম্যানহাটানে নিজস্ব কার্যালয়ে এক যৌথ সংবাদ সম্মেলনের আয়োজন করে মেট লাইফ ও বিজ্ঞাপনী সংস্থা টাচ ডাউন মিডিয়া। সংবাসসম্মেলনে জানানো হয় অনূর্ধ্ব ১৪ বছর বয়সী ছেলে-মেয়েরা এ প্রতিযোগিতায় অংশ নিতে পারবে। যুক্তরাষ্ট্রের ৮টি স্থানে অনুষ্ঠিত হবে অঞ্চলভিত্তিক প্রতিযোগিতা এবং অংশ গ্রহণে ইচ্ছুকদের নাম তালিকাভুক্ত করতে হবে ওয়েবসাইটে www.southasianspellingbee.com। গত বছরের মত এবারের প্রতিযোগিতাও অনুষ্ঠিত হবে টাচ ডাউন মিডিয়া ইনকের ব্যস্থাপনায়। ২০ জুন নিউজার্সি, ২১ জুন ওয়াশিংটন মেট্রো, ২৭ জুন ডালাস, ২৮ জুন হিউস্টন, ১১ জুলাই শিকাগো, ১২ জুলাই নিউইয়র্ক, ১৮ জুলাই লস এঞ্জেলস এবং ১৯ জুলাই অনুষ্ঠিত হবে বে এরিয়ায়। প্রতিটি প্রতিযোগিতাই বিনা ফিতে অনুষ্ঠিত হবে এবং তা খোলা থাকবে সর্বসাধারণের জন্যে। অনুষ্ঠানগুলো সরাসরি প্রচারিত হবে সনি এন্টারটেইনমেন্ট টিভিতে। এবারও

মিডিয়া পার্টনার হিসেবে কাজ করছে ঠিকানা পত্রিকা। উল্লেখ্য যে, গত বছরের প্রথম প্রতিযোগিতায় উল্লেখযোগ্য সংখ্যক বাংলাদেশীসহ ৪ শতাধিক শিশু-কিশোর অংশ নেয়। সংবাদ সম্মেলনে টাচ ডাউন মিডিয়া ইনকের প্রধান নির্বাহী কর্মকর্তা এবং এই প্রতিযোগিতার পরিকল্পনাকারী রাহুল ওয়ালিয়া বলেছেন, আমেরিকানদের সাথে টিকে থাকার জন্যে আমাদের নতুন প্রজন্মকে তৈরীর ক্ষেত্রে এ এক দুঃসাহসী পদক্ষেপ। পারিবারিকভাবে উপস্থিত হয়ে দিনভর বিনোদনের পাশাপাশি সন্তানের শিক্ষাগত যোগ্যতা যাচাইয়ের সুযোগ সৃষ্টিকারী এ প্রতিযোগিতায় সুযোগপ্রাপ্তদেরকে প্রথম দিন ২৫টি শব্দ লেখার পরীক্ষা দিতে হবে। এর মধ্যে অন্ততঃ ১৫টি শব্দ সঠিকভাবে লিখতে ও বানান উচ্চারণ করতে হবে। তা না হলে সুযোগ পাওয়া যাবে না। এর মধ্যে শীর্ষে অবস্থানকারী ৩ জনকে নগদ অর্থ পুরস্কার দেয়া হবে। ৮টি অঞ্চলের মোট ১৬জনকে চূড়ান্ত পর্বে আসতে হবে এবং তা অনুষ্ঠিত হবে আগস্ট মাসে নিউজার্সিতে। চূড়ান্ত পর্বের চ্যাম্পিয়ন পাবে নগদ ৫ হাজার ডলার প্রদান করবে মেটলাইফ।